গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.dpp.gov.bd

নং-০৫.০৪.০০০০.০০৯.২৭.০০৮.১৮

মাঘ ১৪২৬
তারিখ--------------------------।
জানুয়ারি ২০২০

## অফিস আদেশ

যেহেতু মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরাধীন বগুড়া আঞ্চলিক অফিসের ম্যানেজার জনাব মোঃ সফিকুল ইসলামের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচারণ' (Misconduct)-এর অভিযোগে এ কার্যালয়ের ২০/১১/২০১৮ তারিখের ০৫.০৪.০০০০.০০৯.২৭.০০৮.১৮/২৬৮৩ সংখ্যক স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু তিনি যথাসময়ে উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাবে তিনি ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। তদনুযায়ী তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। তবে দাখিলকৃত জবাবপত্রে ও ব্যক্তিগত শুনানিতে তাঁর প্রদত্ত বক্তব্য সন্তোষজনক ও গ্রহণযোগ্য বিবেচিত না হওয়ায় ন্যায়বিচার নিশ্চিত করার লক্ষ্যে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য ০৩/০২/২০১৮ তারিখের ০৫.০৪.০০০০.০০৯.২৭.০০৮.১৮/২৫৫(৩) আদেশমূলে বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসের উপপরিচালক (উপসচিব) জনাব মোঃ আব্দুল মালেক-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু তদন্ত কর্মকর্তা আনীত অভিযোগসমূহ তদন্ত করে গত ০৩/১১/২০১৯ তারিখে একটি প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ সফিকুল ইসলামের বিরুদ্ধে আনীত সকল অভিযোগ প্রমাণিত হয়েছে এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে ঘুষ গ্রহণের দুর্নাম রয়েছে মর্মে তদন্ত কর্মকর্তা অভিমত ব্যক্ত করেছেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদনে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত জনাব মোঃ সফিকুল ইসলামকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক কেন চাকুরি থেকে বরখাস্ত করা হবে না তার কারণ দর্শানোর জন্য উক্ত বিধিমালার ৭(৮) বিধিমতে ২০/১১/২০১৯ তারিখে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, ১ম কারণ দর্শানোর জবাব, ২য় কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলা সংক্রান্ত অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনান্তে দেখা যায় বগুড়া আঞ্চলিক অফিসের ম্যানেজার জনাব মোঃ সফিকুল ইসলাম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) বিধির 'অসদাচরণ' (Misconduct)-এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

সেহেতু, বগুড়া আঞ্চলিক অফিসের ম্যানেজার জনাব মোঃ সফিকুল ইসলাম-এর বিরুদ্ধে আনীত অপরাধে তাঁকে দোষী স্বাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৪(২)(খ) বিধি মোতাবেক তাঁর ১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি (Increment) ১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো। বাংলাদেশ সার্ভিস রুলস ১ম খন্ডের ৪৫ নম্বর বিধি অনুযায়ী উক্ত স্থগিতাদেশের মেয়াদকাল ভবিষ্যৎ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(এ.এফ.আমিন চৌধুরী)
মহাপরিচালক
ফোন-৮৮৯১২৫১
ই-মেইল:dg@dpp.gov.bd

নং-০৫.০৪.০০০০.০০৯.২৭.০০৮.১৮/১৭৬(৯)

০৭ মাঘ ১৪২৬
তারিখ--------------------------।
২১ জানুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। — তাঁকে অফিস আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, অধিদপ্তরের প্রধান কার্যালয়, তেজগাঁও, ঢাকা। — তাঁকে অফিস আদেশটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। সহকারী পরিচালক (প্রশাসন-১), অধিদপ্তরের প্রধান কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বগুড়া।
০৫। ম্যানেজার, বগুড়া আঞ্চলিক অফিস, বগুড়া।
০৬। জনাব মোঃ সফিকুল ইসলাম, ম্যানেজার, বগুড়া আঞ্চলিক অফিস, বগুড়া।
০৭। অফিস আদেশ ফাইল/গার্ড ফাইল/শাখা গার্ড ফাইল।

(আবু ফাহাদ মোঃ সোহাগ)
সহকারী পরিচালক (প্রশাসন-১)
ফোনঃ ৮৮৯১২৫৪
ই-মেইলঃad1@dpp.gov.bd

D:\My Documents\Mizan\Procedings Judgment.doc